গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
জৈন্তাপুর, সিলেট।

স্মারক নং ঃ ০৫.৪৬.৯১৫৩.০০৩.০৩. ৮৬(৫০) তারিখ ঃ১৫/০১/২০১৮খ্রিঃ

**গ্রামপুলিশ (মহল্লাদার) নিয়োগ বিজ্ঞপ্তি ঃ**

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) গ্রাম পুলিশ কমিটির প্রশিক্ষণ, শৃংখলা ও চাকুরীর শর্তাবলী সম্পর্কিত বিধিমালা'২০১৫ মোতাবেক সিলেট জেলার জৈন্তাপুর উপজেলাধীন নিম্নবর্ণিত ইউনয়ন পরিষদ সমূহের গ্রাম পুলিশ (মহল্লাদার) এর শূণ্য পদে সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে নিয়োগ প্রদান করা হবে।

| ক্রমিক নং | ইউনিয়নের নাম | পদের নাম | শূণ্য পদের সংখ্যা |
|---|---|---|---|
| ০১ | জৈন্তাপুর ইউনিয়ন | গ্রাম পুলিশ (মহল্লাদার) | ০১টি |
| ০২ | চারিকাটা ইউনিয়ন | গ্রাম পুলিশ (মহল্লাদার) | ০২টি |
| ০৩ | দরবস্ত ইউনিয়ন | গ্রাম পুলিশ (মহল্লাদার) | ০১টি |
| ০৪ | ফতেপুর ইউনিয়ন | গ্রাম পুলিশ (মহল্লাদার) | ০৩টি |
| ০৫ | চিকনাগুল ইউনিয়ন | গ্রাম পুলিশ (মহল্লাদার) | ০২টি |

আগ্রহী প্রার্থীগণকে নিম্নবর্ণিত শর্তসাপেক্ষে আগামী ৩১/০১/২০১৮খ্রিঃ তারিখের মধ্যে উপজেলা নির্বাহী অফিসার, জৈন্তাপুর, সিলেট বরাবরে আবেদন করার জন্য অনুরোধ করা হলো।

**শর্তাবলী ঃ**

০১। প্রার্থীকে অবশ্যই সংশ্লিষ্ট ইউনিয়নের বাসিন্দা হতে হবে।
০২। প্রার্থীদের বয়স আগামী ৩১ /০১/২০১৮খ্রিঃ তারিখে ১৮ হতে ৩০ বছরের মধ্যে হতে হবে।
০৩। **প্রার্থীর শারীরিক যোগ্যতা ঃ**
ক) **উচ্চতা ঃ পুরুষ প্রার্থীর ক্ষেত্রে ঃ** সর্বনিম্ন উচ্চতা ঃ ৫ ফুট ২ ইঞ্চি,
বুকের মাপ ঃ ৩০ ইঞ্চি (স্বাভাবিক), ৩২ ইঞ্চি (সম্প্রসারণ)
ওজন ঃ সর্বনিম্ন ওজন ৫০ কেজি।
খ) **উচ্চতা ঃ মহিলা প্রার্থীর ক্ষেত্রে ঃ** সর্বনিম্ন উচ্চতা ঃ ৫ ফুট
বুকের মাপ ঃ ২৮ ইঞ্চি (স্বাভাবিক), ৩০ ইঞ্চি (সম্প্রসারণ)
ওজন ঃ সর্বনিম্ন ওজন ৪৫ কেজি।
০৪। শিক্ষাগত যোগ্যতা ঃ প্রার্থীকে নূন্যতম অষ্টম শ্রেণী উত্তীর্ণ বা কোন স্বীকৃত বোর্ড হতে জুনিয়র স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে।
০৫। প্রার্থীকে (ক) নাম, (খ) পিতা/স্বামীর নাম, (গ) মাতার নাম, (ঘ) বর্তমান ও স্থায়ী ঠিকানা, (ঙ) শিক্ষাগত যোগ্যতা, (চ) জন্ম তারিখ, (ছ) ৩০ /০১/২০১৮খ্রিঃ তারিখে বয়স, (জ) ধর্ম, (ঝ) জাতীয়তা উল্লেখসহ লিখিত আবেদন দাখিল করতে হবে।
০৬। আবেদনের সাথে সত্যায়িত ০৩ কপি ছবি, শিক্ষাগত যোগ্যতার সনদের সত্যায়িত কপি, ১ম শ্রেণীর কমকর্তা কর্তৃক চারিত্রিক সনদপত্র, ইউপি চেয়ারম্যান কর্তৃক নাগরিকত্ব সনদপত্র, আইডি কার্ড/জন্ম নিবন্ধন সনদ সংযুক্ত করতে হবে।
০৭। ত্রুটিপূর্ণ/অসম্পূর্ণ আবেদন বাতিল বলে গণ্য হবে।
০৮। নিয়োগ সংক্রান্ত বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্ত চুড়ান্ত বলে গণ্য হবে।

১৫/০১/১৮

(মৌরীন করিম)
উপজেলা নির্বাহী অফিসার
জৈন্তাপুর, সিলেট।

**অবগতি ও কার্যার্থে।**

০১। চেয়ারম্যান.......................................................ইউপি (সকল), জৈন্তাপুর, সিলেট। ইউনিয়ন পরিষদের নোটিশ বোর্ড, গুরুত্বপূর্ণ স্থান, ইউনিয়ন তথ্য বাতায়ন এবং হাট-বাজারের দর্শনীয় স্থানে বিজ্ঞপ্তিটি বহুল প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো।
০২। সভাপতি, প্রেসক্লাব, জৈন্তাপুর, সিলেট।

**অনুলিপি ঃ সদয় অবগতির জন্য।**

০১। জেলা প্রশাসক, সিলেট।
০২। উপপরিচালক, স্থানীয় সরকার শাখা, সিলেট।
০৩। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, জৈন্তাপুর, সিলেট।
০৪। অফিসার ইনচার্জ, জৈন্তাপুর মডেল থানা, জৈন্তাপুর, সিলেট।
০৫। নোটিশ বোর্ড।